

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভূরঙ্গামারী, কুড়িগ্রাম
www.bhurungamari.kurigram.gov.bd

বিষয় : ১৪ ডিসেম্বর, শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৩ পালন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।
সভাপতি : মোঃ গোলাম ফেরদৌস, উপজেলা নির্বাহী অফিসার, ভূরঙ্গামারী, কুড়িগ্রাম।
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, ভূরঙ্গামারী, কুড়িগ্রাম।
তারিখ : ২৯/১১/২০২৩
সময় : বেলা ১০.৩০ ঘটিকা।

(সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা সংশ্লিষ্ট নথিতে সংরক্ষিত রয়েছে)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতে ১৯৭১ সালের ১৪ ডিসেম্বর মুক্তিযুদ্ধের চূড়ান্ত বিজয়ের প্রাক্কালে পাকিস্তানী হানাদার বাহিনী কর্তৃক এদেশের যে সকল প্রথিতযশা ও খ্যাতনামা কবি, সাহিত্যিক, বুদ্ধিজীবী, শিক্ষাবিদ, গবেষক, চিকিৎসক, প্রকৌশলী, সাংবাদিক রাতের আঁধারে নির্মমভাবে শহিদ হয়েছেন তাদের আত্মার মাগফেরাত কামনা করা হয়। ১৯৭১ সালের ১৪ ডিসেম্বরের হত্যাকাণ্ড ছিল পৃথিবীর ইতিহাসে জঘন্যতম এক বর্বর ঘটনা যা বিশ্বব্যাপী শান্তিকামী মানুষকে হতবাক করেছিল। এসব শহিদদের আত্মত্যাগের কথা স্মরণ রেখে দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে সকলকে সুচিন্তিত মতামত/পরামর্শ প্রদানের জন্য আহ্বান জানানো হয়। অতঃপর মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ২০ সেপ্টেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী এবং জেলা প্রশাসকের কার্যালয় (সাধারণ শাখা), কুড়িগ্রাম এর ১৪ নভেম্বর ২০২৩ তারিখের ০৫.৪৭.৪৯০০.০০৩.০২.০৪৯.২২.৮০০(২০০) নম্বর স্মারকে গৃহীত কর্মসূচি সভায় পাঠ করে শুনানো হয়। ভূরঙ্গামারী উপজেলায় ১৪ ডিসেম্বর, শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৩ সুষ্ঠুভাবে পালনের লক্ষ্যে জাতীয় কর্মসূচি, জেলা পর্যায়ে গৃহীত কর্মসূচির আলোকে স্থানীয় কর্মসূচি প্রণয়নের জন্য সভায় সকলের আন্তরিক সহযোগিতা কামনা করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত কর্মসূচিসমূহ গৃহীত হয় :

শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৩ এর কর্মসূচি :

ক্রঃনং	তারিখ ও সময়	কর্মসূচির বিবরণ	স্থান	ব্যবস্থাপনায়
১	১৪/১২/২০২৩ সকাল ১১.০০ ঘটিকা	আলোচনা সভা	উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ	উপজেলা প্রশাসন, ভূরঙ্গামারী, কুড়িগ্রাম
২	১৪/১২/২০২৩ সুবিধাজনক সময়	শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৩ পালন উপলক্ষ্যে সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ মোনাজাত/প্রার্থনা	সকল ধর্মীয় উপাসনালয়	স্ব-স্ব ধর্মীয় উপাসনালয় কর্তৃপক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দ এ কমিটির সদস্য হিসেবে গণ্য হবেন।

সিদ্ধান্ত ১ : উক্ত কর্মসূচিতে আইন-শৃংখলা পরিস্থিতি ঋভাবিক রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, ভূরঙ্গামারী থানাকে অনুরোধ করা হয়।


সিদ্ধান্ত ২ : সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্ব-স্ব ব্যবস্থাপনায় যথাযোগ্য মর্যাদায় দিবসটির তাৎপর্য তুলে ধরে বিশেষ আলোচনা সভা আয়োজন করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের নিমিত্ত উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূরঙ্গামারীকে অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্ত ৩ : শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৩ পালন উপলক্ষ্যে সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে মোনাজাত/প্রার্থনা করার জন্য সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ভূরঙ্গামারী ও সভাপতি/সম্পাদক, হিন্দু, বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদ, ভূরঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত ৪ : স্থানীয় ভিডিও চ্যানেলে কর্মসূচিটি ব্যাপক সম্প্রচার করার জন্য সভাপতি/সম্পাদক, এসএম ডিজিটাল ক্যাবল নেটওয়ার্ক, ভূরঙ্গামারীকে অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্ত ৫ : নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভূরঙ্গামারীকে অনুরোধ জানানো হয়।

অতঃপর অন্য কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মোঃ গোলাম ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার
ভূরঙ্গামারী, কুড়িগ্রাম


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভূরঙ্গামারী, কুড়িগ্রাম
www.bhurungamari.kurigram.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৪৯০৬.০০০.১৩.০০২.২২-২৩. ১২১৬

তারিখঃ ১৪ অগ্রহায়ণ ১৪৩০
২৯ নভেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৫, কুড়িগ্রাম-১।
- ২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরঙ্গামারী, কুড়িগ্রাম।
- ৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরঙ্গামারী, কুড়িগ্রাম।
- ৫। উপজেলা অফিসার (সকল), ভূরঙ্গামারী, কুড়িগ্রাম।
- ৬।, ভূরঙ্গামারী, কুড়িগ্রাম।


উপজেলা নির্বাহী অফিসার
ভূরঙ্গামারী, কুড়িগ্রাম